জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৹২ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

ছাদের জন্য

## লোহার কড়ি

বয়গা, এঙ্গেল, করুগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন:।

**নিরঞ্জন এণ্ড কোং**

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার, কলিকাতা।

২২শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১লা জ্যৈষ্ঠ বুধবার ১৩৪২ ইংরাজী 15th May 1935 | ১ম সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪০ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সন্ধি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

রবির খর তাপে যখন দেহ পীড়িত করিয়া অস্বস্তিকর অবস্থার সূচনা করে—উষ্ণ আবহাওয়ার তীব্রতা যখন মাথার অসুখ এবং শিরশোভা ক্ষুণ্ণের কারণ হয়—
তখন—

**জবাকুসুমের**

ব্যবহার বড়ই প্রীতিকর এবং মনোরম স্নানকালীন মস্তকে এবং কেশমূলে জবাকুসুমের আবরণ শরীর স্নিগ্ধ ও চিত্ত প্রফুল্ল রাখে—কেশরাজির স্বাস্থ্য সংরক্ষণ করিয়া শিরশোভা বর্দ্ধন করে।




**সি, কে, সেন এণ্ড কোং লিঃ।**

২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১লা জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৪২ সাল।

## 'জঙ্গিপুর সংবাদের' নববর্ষ।

আজ "জঙ্গিপুর সংবাদ" দ্বাবিংশ বর্ষে পদার্পণ করিল। এই ক্ষুদ্র সাপ্তাহিকের বৎসরারম্ভে আমরা আমাদের গ্রাহক, বিজ্ঞাপনদাতা ও হিতৈষীগণকে আন্তরিক সম্ভাষণ জানাইতেছি। আপনারা ইহাকে বরাবর যেমন স্নেহ করিয়া আসিতেছেন, আশা করি এই ক্ষুদ্র সংবাদপত্র সে স্নেহে বঞ্চিত হইবে না। ভগবানের অনুগ্রহ ও সাধারণের সহানুভূতিকে সম্বল করিয়া কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হইলাম।

---

### রজত জুবিলী মেডেল।

মুর্শিদাবাদ জেলায় নিম্নলিখিত ব্যক্তিগণ সম্রাটের রজত জুবিলী উপলক্ষে মেডেল প্রাপ্তির দ্বারা সম্মানিত হইলেন বলিয়া ঘোষিত হইয়াছে। আরও একটী তালিকা প্রস্তুত হইতেছে তাহাতে আরও কেহ কেহ পাইবেন, তাহা কয়েক দিনের মধ্যেই প্রকাশিত হইবে।

ডাঃ হকার, বাবু অনিলকুমার চাটার্জ্জি, মহারাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায়, সি, আই, ই, রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর, মিঃ কমলারঞ্জন রায়, মিঃ জি, বি, সিঙ্ক, আই, সি, এস, মিঃ এ, হিউজেস্‌, আই, সি, এস, মিঃ করুণাময় রায় (সুপিরিয়র পুলিশ অফিসার), বাবু জ্ঞানেন্দ্রনাথ ঘোষ (মুন্সেফ লালবাগ), বাবু জি, সি, রায় চৌধুরী (জেল ডিঃ), বাবু এস, সি, মালাকর (পি, ডব্লিউ, ডি), ডাঃ বঙ্কিমবিহারী রায় (মেডিক্যাল ডিঃ), ডাঃ এস, এন, ভট্টাচার্য্য (মেডিক্যাল ডিঃ), মিঃ পি, সি, চৌধুরী (ডেপুটী ডিরেক্টর সেরিকালচার), রায় সাহেব গিরিজা দত্ত ডি, এস, পি, খান সাহেব মঃ লুতফর রহমান, ডি, এস পি, রায় সাহেব পবিত্রনাথ বসু ডি, এস, পি, লেপ্টেনাণ্ট কর্ণেল লিথরস (ডিটেনসন ক্যাম্প),

---

### গৃহ ভস্মীভূত।

গত শুক্রবার বেলা ২ ঘটিকার সময় জঙ্গিপুর বরজের উপরে (বাবু শ্যামাচরণ চক্রবর্ত্তীর বাড়ীর নিকটে) আগুন লাগিয়া প্রায় ২৫ খানি ঘর পুড়িয়া ভস্মীভূত হইয়াছে। এই আগুন লাগার ফলে একটী ৬।৭ বৎসরের ছেলে পুড়িয়া মারা গিয়াছে। প্রচণ্ড রৌদ্রতাপে এই সকল গৃহহীনদের যে কি ভীষণ দুর্দ্দশা হইয়াছে তাহা সহজেই অনুমেয়। এই অগ্নিকাণ্ডের সংবাদ পাইয়া আমাদের মহকুমা ম্যাজিষ্ট্রেট রায় সাহেব অদ্বৈতচরণ সামন্ত মহোদয় ঘটনাস্থল পরিদর্শন করিতে গিয়াছিলেন এবং তথা হইতে ফিরিয়া আসিয়া দুঃস্থ পরিবারবর্গের জন্য চাউল ও তরকারি পাঠাইয়া দিয়াছেন এবং কি ভাবে তাহাদের সাহায্য করা যাইতে পারে সে জন্য চেষ্টা করিতেছেন।

—:০:—

জঙ্গিপুর রোড ষ্টেশনের নিকটে বাঘা গ্রামে শ্রীযুক্ত সুরেশচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের গৃহে আগুন লাগিয়া বাড়ীর যাবতীয় জিনিষপত্র ও ধান পুড়িয়া গিয়াছে। এই দুর্দ্দিনে ব্রাহ্মণ পরিবারের কষ্টের অবধি নাই।

---

### বজ্রপাতে গৃহদগ্ধ।

গত সোমবার দ্বিপ্রহরে এখানে সামান্য ঝড় বৃষ্টি হয়। সেই সময় স্থানীয় খেয়াঘাটে ভাগীরথী বক্ষস্থিত ইজারাদারের খেড়ী ঘরের উপরে বজ্রাঘাত হইয়া ঘরখানি ও ঘরের আসবাবপত্র পুড়িয়া গিয়াছে। বৃষ্টির জন্য ঘরে ১০।১২ জন লোক ছিল কিন্তু সুখের বিষয় কাহারও কোন ক্ষতি হয় নাই।

---

### সাইকেল চাপা পড়ায় মৃত্যু।

গত ৬ই মে সোমবার বৈকালে রঘুনাথগঞ্জের কতকগুলি ছেলে ৫।৬ খানি সাইকেলে চড়িয়া রাস্তা দিয়া যাইতেছিল। পথিমধ্যে একটি বৃদ্ধ ভিখারী মদ খাইয়া মাতাল অবস্থায় অমূ ঘোষ নামক বালকের সাইকেলে চাপা পড়ে, সঙ্গে সঙ্গে তাহাকে হাসপাতালে পাঠান হয়। ২।৩ দিন হইল লোকটী মারা গিয়াছে।

---

### লগুড়াঘাতে শিশুর মৃত্যু।

গত শনিবার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত ভৈরবটোলার দাউদ আলি বিশ্বাস থানায় আসিয়া এজাহার করে যে, উক্ত গ্রামের আফসর আলি সেখ ও মসলেম সেখ তাহাদের মাতা খোসজান বিবির প্ররোচনায় উক্ত দাউদ আলি বিশ্বাসের স্ত্রীকে লাঠি লইয়া মারিতে উদ্যত হয় এবং লাঠির আঘাত তাহার স্ত্রীকে না লাগিয়া তাহার স্ত্রীর কক্ষস্থিত দেড় বৎসর বয়স্কা কন্যাকে লাগে ও সঙ্গে সঙ্গে কন্যাটীর মৃত্যু হইয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

---

### সাগরদীঘিতে রজত জুবিলী উৎসব।

গত ৬ই মে সোমবার সম্রাটের রজত জুবিলী উৎসব উপলক্ষে সাগরদীঘি থানার ভারপ্রাপ্ত কর্ম্মচারী মৌলভী দলিলউদ্দীন আহম্মদ সাহেবের উদ্যোগে থানার কর্ম্মচারিগণ এম, ই, স্কুলের ছাত্রগণ, এল, এম, খাঁ ক্লাবের মেম্বরগণ ও অন্যান্য জনসাধারণ একত্র মিলিত হইয়া পতাকা উত্তোলন করা হয় এবং সংকীর্ত্তন ও বাদ্যভাণ্ড সহ সম্রাট দম্পতির চিত্র লইয়া শোভাযাত্রা বাহির হয়। শোভাযাত্রা নানারূপ হর্ষধ্বনি করিতে করিতে সমস্ত গ্রাম পরিক্রমণ করে। প্রত্যেক শোভাযাত্রীকে ছোলা ও গুড় সহ জলপান করান হয়। স্থানীয় কালীবাড়ী ও মসজিদে সম্রাট দম্পতির দীর্ঘ জীবন কামনা করিয়া উপাসনা করা হয়। রাত্রে থানা গৃহ, দাতব্য চিকিৎসালয়, স্কুল, ক্লাব ও গ্রামের গৃহস্থের বাড়ী আলোক মালায় সজ্জিত করা হয় ও বাজী পোড়ানর ব্যবস্থা করা হয়।

---

### দফরপুর ইউনিয়ন।

রজত জুবিলী উৎসব উপলক্ষে দফরপুর ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট ও জঙ্গিপুরের অনারারী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত কিরীটভূষণ দাস মহাশয়ের চেষ্টায় বোর্ডের মেম্বরগণের উপস্থিতিতে এক সভা হয়। সভায় সম্রাট দম্পতির দীর্ঘজীবন কামনা করিয়া ভগবৎ সমীপে প্রার্থনা করা হয়। বোর্ডের অফিস ঘরটী পত্রপুষ্পে সুশোভিত করা হয় এবং সন্ধ্যায় আলোক প্রদান করা হয়।

---

### মহামান্য ভারত সম্রাটের
### রজত জুবিলী

স্বস্তি স্বস্তি মহারাজ! স্বস্তি মহারাণি!
ভারতের লহ শুভ আশীর্ব্বাদ বাণী।
রজত জুবিলি দিনে আজি শুভক্ষণে
তোমার মঙ্গল চিন্তা করে প্রজাগণে।
অষ্ট সুরেন্দ্রের মূর্ত্তি হে সম্রাট! তুমি
সমুদ্র মেখলা ধরা তব রাজ্যভূমি
সূর্য্য অস্তগত যাহে নাহি কভু হয়
অক্ষুণ্ণ প্রতাপে জল স্থল নভোময়।
যে হস্তীনা সিংহাসনে বসে ধর্ম্মরাজ
তব রাজপ্রতিনিধি শোভে তাহে আজ
হিন্দু মুসলমানে যেথা সম দৃষ্টি দানে
বেঁধেছিল আকবর দোঁহে এক প্রাণে
তুমিও সে সিংহাসনে সুখে রাজ্য ভোগ
করহে সম্রাট। কর সবে এক যোগ।

রাম রাজ্য সম সদা তব রাজ্য হোক্,
দীর্ঘজীবি হ'য়ে তুমি পাল নরলোক।
তব শুভ্র যশো-মুক্তা মাঝে ছিদ্র নাই,
গুণও অনন্ত, তায় গাঁথা নাহি যায়;
মহাবিশ্ব শিল্পী তায় গাঁথিতে না পারি
তারকার পাঁতিরূপে নভে দেছে ছাড়ি।
সহ অস্ত্র, সবাহন, সহ পরিবার
সুখে রাজ্য ভোগ তুমি কর অনিবার
স্বর্গগতা পিতামহী আচরিত রীতি
পালন করিয়া সবে দাও মহাপ্রীতি।
দুষ্টের দমন আর শিষ্টের পালন
করিবারে ন্যায় দণ্ড করহ ধারণ
তব রাজ্যে কেহ যেন অসুখী না রয়
সুবিচারে হয় যেন চির শান্তিময়।

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়

---

### শ্রীশ্রীমান্‌ ভারত সম্রাটের রজত জুবিলী উৎসবে
### মঙ্গল গীতি।

জয় সম্রাট পঞ্চম জর্জ্জ
জয় মেরী মহারাণী।
রাজার আনন্দে প্রজার আনন্দ
(তাই) আজি সবে গাহিছে আনন্দ-বাণী॥
যদি রাজমুকুট শিরে শোভে পঞ্চবিংশতি বর্ষ,
তবে রজত জুবিলী হয় সেই বর্ষ;
আজি পূর্ণ সেই দিন হ'য়েছে মোদের
(তাই) আজি উঠিছে আনন্দ-বাণী॥
পঞ্চাশৎ বর্ষ চালালে রাজ্যভার,
স্বর্ণ জুবিলী হইবে গো সেবার;
তাই ভগবান পাশে সে দিনের আশে
করিগো প্রার্থনা জুড়ি পাণি॥

শ্রীবটকৃষ্ণ মণ্ডল
হেড্‌ পণ্ডিত,
সাগরদীঘি এস্‌, এন, এম, ই স্কুল।

---

### অতিবৃষ্টি ও অনাবৃষ্টি।

—•—

#### বাঙ্গলার অবস্থা সম্বন্ধে সরকারী বিবরণ।

বাঙ্গলা গভর্ণমেণ্টের প্রচার বিভাগ হইতে নিম্নলিখিত বিবরণী প্রকাশ করা হইয়াছে:—

১৯৩৪ সালের ১৩ই অক্টোবর এবং ২১শে ডিসেম্বর তারিখের ইস্তাহারে বাঙ্গলায় কয়েকটি জেলায় অতিবৃষ্টি ও অনাবৃষ্টির দরুণ যে অবস্থা হয় তাহার বিবরণ প্রকাশিত হইয়াছিল।

পূর্ব্বোক্ত অতিবৃষ্টির দরুণ যেরূপ ক্ষতির আশঙ্কা করা গিয়াছিল তাহা হয় নাই। যদিও অনেকের সেই সময় খুব কষ্ট ভোগ করিতে হইয়াছিল, তবুও এই অতিবৃষ্টি পশ্চিমবঙ্গে বর্ষার অভাবে যে ক্ষতি হইয়াছিল সেরূপ অনিষ্টকর হয় নাই, কেননা অতিবৃষ্টিতে শস্যের যে ক্ষতি হইয়াছিল, তাহা জমীর উৎপাদনীশক্তি বৃদ্ধি পাওয়াতে পোষাইয়া গিয়াছিল। বন্যা-পীড়িত অঞ্চলে রবিশস্য খুব ভাল হইয়াছিল। কিন্তু যে সব অঞ্চলে অনাবৃষ্টি হইয়াছিল সেই সব স্থলে রবিশস্যও জন্মে নাই। এই কারণে মুর্শিদাবাদ ও বীরভূম জেলার বহুস্থানে দুর্দ্দশা চরমে উঠিয়াছিল।

বাঁকুড়া জেলার কোন কোন অংশ এই কারণে খুবই দুর্দ্দশাগ্রস্ত হয় এবং বাঁকুড়া জেলায় লোক খাটাইয়া সাহায্য দানের ব্যবস্থা আরম্ভ করা হইয়াছিল। ১৯৩৪ সালের অক্টোবর মাসে মুর্শিদাবাদে এরূপ কার্য্যে যোগদানকারী লোকের সংখ্যা সব চেয়ে বেশী হইয়াছিল। দৈনিক প্রায়

৫০০০ লোক কাজে উপস্থিত হইত এবং এই কার্য্যে সর্ব্বসমেত মাসিক খরচ হইয়াছিল ২২৭৫৯৫০ নভেম্বর ও ডিসেম্বর মাসে ফসল কাটার কার্য্যে নিযুক্ত থাকার জন্য উপস্থিতির সংখ্যা অনেক পরিমাণে কমিয়া গিয়াছিল। কিন্তু ১৯৩৫ সালের জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে গড়ে ২৫০০ লোকের বেশী উপস্থিত হইয়াছিল, কিন্তু বর্ত্তমানে উপস্থিতির সংখ্যা ক্রমশঃই কমিয়া যাইতেছে।

মুর্শিদাবাদ জিলায় নানারূপ কার্য্যে খাটাইয়া জনসাধারণকে যে সাহায্য করা হইয়াছিল তাহার মোট পরিমাণ ৮০,১১৪ টাকা। মুর্শিদাবাদে কার্য্যারম্ভের এক মাস পরে বীরভূমে লোক খাটাইয়া সাহায্যদানের ব্যবস্থা করা হয়। সাহায্যপ্রার্থী কর্ম্মিসংখ্যা ধীরে ধীরে বাড়িতে থাকে এবং ১৯৩৫ সনের ফেব্রুয়ারী মাসের দৈনিক গড় হাজিরা ছিল প্রায় ছয় হাজার। এই জিলায় মার্চ্চ মাসের শেষ পর্য্যন্ত মোট ৬৭,০০০ টাকা ব্যয়িত হয়। জানুয়ারী মাসের মাঝামাঝি বাঁকুড়া জেলায় লোক পাঠাইয়া সাহায্য দানের ব্যবস্থা করা হয়। দৈনিক গড় হাজিরা দ্রুত বর্দ্ধিত হইয়া এক হাজারে পরিণত হয়। মার্চ্চ মাসের শেষ পর্য্যন্ত এই জেলায় লোক খাটাইয়া সাহায্য দানে ৪,৭৮১ টাকা ব্যয়িত হয়। ত্রিপুরা জেলার দুর্গতির জন্য বন্যাই সম্পূর্ণভাবে দায়ী। ফলে মাটি কাটা বা ঐ ধরণের কোন কার্য্য জমি সম্পূর্ণ শুষ্ক না হওয়া পর্য্যন্ত আরম্ভ করা সম্ভব হয় নাই এবং প্রকৃতপক্ষে জানুয়ারীর শেষের দিকে কাজ আরম্ভ হয়। মার্চ্চের শেষ পর্য্যন্ত দৈনিক গড় হাজিরা ছিল প্রায় আড়াই হাজার।

ত্রিপুরা জেলা বোর্ড, বোর্ডের তহবিল হইতে খাটাইয়া সাহায্যদানের ব্যবস্থায় অর্থ সাহায্য করিতে সমর্থ হইয়াছিলেন। মুর্শিদাবাদ জেলা বোর্ড, বোর্ডের তহবিল হইতে একই উদ্দেশ্যে ৩৩,৫০০৲ টাকা সাহায্য করিয়াছিলেন। কিন্তু সরকার অর্থ সাহায্যের অধিকাংশ পরিমাণই অগ্রিম দিয়াছিলেন। ১৯৩৪-৩৫ সনে খাটাইয়া সাহায্যদানের খাতে সরকার মোট ১,৯৪,৪১৯৲ টাকা অগ্রিম দিয়াছিলেন। ইহা ব্যতীত দান করিবার জন্য বিভিন্ন স্থান হইতে বহু টাকা সংগৃহীত হয়। সরকারের ঐ বৎসরে ষোল হাজার টাকা দান করতঃ ঐ ভাবে সংগৃহীত টাকার পরিমাণ বৃদ্ধি করেন।

অভাবের সময়েও বহু লোক খাটাইয়া সাহায্যদানের সুবিধা গ্রহণ করিতে অসমর্থ হওয়ায় কিছু পরিমাণ টাকা তাহাদের সাহায্যার্থে বিতরণ করিবার প্রয়োজন হয়; ইহা উল্লেখযোগ্য। ভারতীয় জনসাধারণের দুর্ভিক্ষ নিবারণ তহবিল হইতে বর্ত্তমানে যে ত্রিশ হাজার টাকা দেওয়া হইয়াছে, তাহাতে উপরোক্ত প্রকার দানের জন্য উপযুক্ত পরিমাণ টাকা পাওয়া যাইবে বলিয়া আশা করা যায়। ঐ টাকা হইতে ইতিমধ্যেই বাঁকুড়া, বীরভূম ও মুর্শিদাবাদ জেলার কালেক্টরের নিকট নয় হাজার টাকা পাঠান হইয়াছে। ১৯৩৪-৩৫ সনে উল্লিখিত চারিটি জেলার (ত্রিপুরা, মুর্শিদাবাদ, বাঁকুড়া ও বীরভূম) জন্য সরকার কৃষিঋণ বাবদ ৩,৬৯,৭০০৲ টাকা এবং জমির উন্নতিবিধানার্থ ৫২,০০০৲ টাকা ঋণ প্রদান করিয়াছেন। চলতি আর্থিক বৎসরে জেলা কর্ত্তৃপক্ষের প্রার্থনা অনুযায়ী আরও অতিরিক্ত টাকা দেওয়া হয়। বাঁকুড়া জেলায় বহু সংখ্যক তন্তুবায় দুর্গতির ফলে বিপন্ন হইয়া পড়িয়াছে। এই জিলায় সম্পূর্ণভাবে হস্ত-চালিত তাঁতের উপর ভরণ-পোষণের জন্য নির্ভর করে এমন লোকের সংখ্যা ৮,৭৬৯। সম্প্রতি বাঁকুড়া জেলার তন্তুবায়দিগকে সাময়িক সাহায্য দানের জন্য সরকার ১৫,০০০৲ টাকা মঞ্জুর করিয়াছেন।

বাংলার গবর্ণর ১৭ই জানুয়ারী এবং ৬ই ফেব্রুয়ারী তারিখে মুর্শিদাবাদ ও বীরভূমের দুর্দ্দশাগ্রস্ত স্থানসমূহ পরিদর্শন করেন এবং স্থানীয় সমস্যা সম্বন্ধে কলেক্টর ও গণ্যমান্য বে-সরকারী ভদ্রমহোদয়গণের সহিত আলোচনা করেন।

---

## NOTICE,

A prize of Rs. 50/- (Fifty) only has been offered by Mr. Dhirendra Narayan Roy of Lalgola to be awarded for the best drama in Bengali in commemoration of THEIR MAJESTIES' SILVER JUBILEE. This Competition is open to all bonafide residents of the district of Murshidabad. The Drama should be sent so as to reach the undersigned by 1st of June, 1935.

Arthur Hughes,
District Magistrate and President to the
Silver Jubilee Committee
District Murshidabad
Berhampore, 26th April, 1935.

---

## নীলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

### নীলামের দিন ২০শে মে ১৯৩৫।

১৬৪ খাং ডিঃ জ্ঞানেন্দ্রনাথ রায় দীং দেং মনিরুদ্দিন বিশ্বাস দাবি ৩৩৮৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে সাঁথোপাড়া ৯০ শতকের কাত ৪৷৶১০ আঃ ২০৲ খতিয়ান ৭৬

৪২ খাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং উদ্ধব মণ্ডল নাবালক পক্ষে অলি মাতা সুবরণী মণ্ডলানী দাবি ২৮৷০ থানা ঐ মৌজে কুলী ৮১ শতকের কাত ৩৷৩ আঃ ১৫৲ খং ৩০৫

৯৩ খাং ডিঃ ঐ দেং অধর মাহারা দীং দাবি ১৫৮৶৬ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ১৷৶৩ পাই আঃ ৫৲ খং ১২৩৪

৯৪ খাং ডিঃ ঐ দেং মহি বিবি দীং দাবি ৫০/৩ মৌজাদি ঐ ২-৪৪ শতকের কাত ৭৷/৬ আঃ ২০৲ খং ৩৮

৯৬ খাং ডিঃ ঐ দেং রসিক মণ্ডল দীং দাবি ৩৯৷৶৩ মৌজাদি ঐ ৯৯ শতকের কাত ৪৷০ আঃ ১৫৲ খতিয়ান ১৬৬

৪৯১ খাং ডিঃ ঐ দেং মীর ফরমান আলি দীং দাবি ২৮৮৶৬ থানা ঐ মৌজে বেনিয়াগ্রাম ১-৬৯ শতকের কাত ৩৮১১ আঃ ২৫৲ খং ৩৫৪

৪৯২ খাং ডিঃ ঐ দেং সোনাদ্দি মণ্ডল দীং দাবি ১৯৶৯ মৌজাদি ঐ ১-৭৯ শতকের কাত ২৷৶৩ আঃ ১০৲ খতিয়ান নং ১৪২

৫৩৭ খাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং বাদসা বিবি দাবি ১১৬৮৶৯ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ৬-২১ শতকের কাত ২০৮৶১১ পাই আঃ ২০৲ খতিয়ান ২০৪ রায়ত স্থিতিবান।

৫৩৬ খাং ডিঃ ঐ দেং যদুনাথ দাস বিশ্বাস দীং দাবি ২৫৷৶০ মৌজাদি ঐ ১-৭৯ শতকের কাত ৩৷৶০ আঃ ৫৲ খং ২৬৮ ঐ স্বত্ব।

৫৩৪ খাং ডিঃ ঐ দেং নছিমদ্দিন সেখ দাবি ১০৮৶৯ মৌজাদি ঐ ৫৪ শতকের কাত ৷৶৮ পাই আঃ ২৲ খং ১৮২ রায়ত মোকররী

৪৪৩ খাং ডিঃ দোলগোবিন্দ দাস দেং নুরমহম্মদ সেখ দীং দাবি ১১৩৷৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ৪-৭৬ শতকের কাত ২১৮৶১ পাই আঃ ৩০৲ রায়ত স্থিতিবান।

১৭০৫ খাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দীং দেং দানেসতুল্লা সেখ দাবি ৬৫৷৯ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ১১৷১ বিঘার কাত ১৩৶১০৭ আঃ ৩০৲ খতিয়ান ৩৫২

১৬৭ খাং ডিঃ হাজী খোষদিল সেখ দীং দেং ঝড়ু সেখ দীং দাবি ৫৩৲৩ থানা ঐ মৌজে গাঙ্গাড্ডা ২-৯৩ শতকের কাত ১০৷/৬ আঃ ৪০৲ খং ২১

৮৩ স্বত্ব ডিঃ সেবাইত কুমার প্রতিভানাথ রায় দেং ভক্তিভূষণ দাস দাবি ২৪৶০ থানা ঐ মৌজে নুরপুর ৫৩ শতকের কাত ১৷/৬ পাই আঃ ৫৲ খং ৭৩

৫৬৩ মনি ডিঃ রাধামুনি মাল দেং নকুল ওরফে লক্ষীন্দর মণ্ডল নাবালক পক্ষে কোর্ট গার্জ্জেন দেবেন্দ্রনাথ সরকার দাবি ৯৯৮/৯ থানা সমসেরগঞ্জ মৌজে পড়ানপাড়া ১২৷৩ বিঘার কাত ১৯৮৶১০ তন্মধ্যে দেন্দারের এক-তৃতীয়াংশ আঃ ২০৲ রায়ত স্থিতিবান খতিয়ান ৩৩৯। ২নং লাট মৌজাদি ঐ ১-২২ শতকের কাত ৪৷০ তদুপরিস্থিত বাঁশ আন্দাজ ৫০০ নেজা তন্মধ্যে দেন্দারের এক-তৃতীয়াংশ আঃ ২০৲ রায়ত স্থিতিবান খং ৩৪৭

৭৩৯ মনি ডিঃ মহম্মদ সিদ্দিক হোসেন দেং আমির হোসেন বিশ্বাস দীং দাবি ১৭০৷৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ৪-৩৮ শতকের কাত ১৪৷০ আঃ ১৯৲ রায়ত স্থিতিবান খং ২৯৪। ২নং লাট থানা ঐ মৌজে ঝামড়া ৮০ শতকের কাত ৩৷৶০ আঃ ৩৲ রায়ত স্থিতিবান খং ২৯৬। ৩নং লাট মৌজাদি ঐ মধ্যে ৪-১৯ শতকের কাত ১৪৷/০ আঃ ২০৲ ঐ স্বত্ব খং ৩০১। ৪নং লাট মৌজাদি ঐ মধ্যে ১-৩৫ শতকের কাত ৪/০ আঃ ৩৲ ঐ স্বত্ব খং নং ২৪০। ৫নং লাট ঐ মৌজাদিতে ৩-৩৯ শতকের কাত ১০৷০ আঃ ১৫৲ ঐ স্বত্ব খং ৩০২। ৬নং লাট মৌজাদি ঐ মধ্যে ২-৩৮ শতকের কাত ৮৷০ আঃ ১০৲ ঐ স্বত্ব খং ২৯৩ ৭নং লাট থানা ঐ মৌজে আরাজি মহেশ্বর মধ্যে ৪-১৭ শতকের কাত ১৭৮৶০ আঃ ১৫৲ ঐ স্বত্ব খং ১৫৪ ৮নং লাট থানা ঐ মৌজে ঝামড়া ৩-৭০ শতকের কাত ১৪৶৯ আঃ ২০৲ ঐ স্বত্ব খং ৯৮। ৯নং লাট মৌজাদি ঐ মধ্যে ২-১৭ শতকের কাত ৬৷৶৬ আঃ ১০৲ ঐ স্বত্ব খং ১৫২। ১০নং লাট মৌজাদি ঐ মধ্যে ৩-৯৭ শতকের কাত ১১৮৶০ আঃ ১৫৲ ঐ স্বত্ব। ১১নং লাট থানা ঐ মৌজে দিয়ার রঘুনাথপুর ৪-৫৩ শতকের কাত ১০৷/৯ আঃ ১৫৲ ঐ স্বত্ব খং ১৫। ১২নং লাট ঐ মৌজাদি মধ্যে ৩-১০ শতকের কাত ৫৷৶০ আঃ ১৫৲ ঐ স্বত্ব। ১৩নং লাট থানা ঐ মৌজে খানপুর জমি দেওয়া নাই জমা ৫৲ প্রবাহিত দুর্জ্জন আলি ডারা ঐ স্বত্ব আঃ ২৲ খং নং ১১৮। ১৪নং লাট থানা ঐ মৌজে ঝামড়া জমি দেওয়া নাই জমা ১৷০ প্রবাহিত দুর্জ্জন আলির ডারা ঐ স্বত্ব আঃ ২৲ খং নং ১৬৫, ১৬৬ উক্ত সম্পত্তিগুলির ১৩নং লাটের অর্দ্ধাংশ ও ১৩নং বাদে অন্যান্য সম্পত্তিগুলির এক-চতুর্থাংশ নীলাম হইবে।

৬২ রেহাণ ডিঃ সেখ ইয়াকুব হোসেন যন্ত্রী দেং শশধর দাস দাবি ৭১৮/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী ৮ শতকের কাত ২৲ আঃ ৪০৲ খতিয়ান নং ১৫৫৬। ১৫৫৭। ১৫৫৮ দখলীকার বসত প্রজা চিরস্থায়ী। ২নং লাট ঐ মৌজাদি মধ্যে ৩ শতকের কাত ১৶০ আঃ ২৫৲ ঐ স্বত্ব।

---

**চক্ষুছানি** ও দৃষ্টিহীনতা ইত্যাদির একমাত্র অদ্বিতীয় আবিষ্কার **আইসান**
চিকিৎসক বা অস্ত্রোপচারের প্রয়োজন নাই। ঘরে বসিয়া নিরাময় হইবার স্বর্ণ সুযোগ—অনুপকারে মূল্য ফেরৎ। শিশি ২৲ দুই টাকা। হর্ষ্যাশ্রম, পাঁচপোতা, (বেঙ্গল)।

---

### বৈদ্যনাথধামে সুবিধা।

তীর্থস্থানে পাণ্ডাগণের জুলুম তীর্থযাত্রীগণের পক্ষে বিরক্তি ও ভীতির কারণ হইয়া দাঁড়াইয়াছে। বৈদ্যনাথ ধামে এক পাণ্ডা বংশ আছেন তাঁহারা খুব ভদ্র এবং নির্লোভী ও যাত্রীগণের সুবিধার জন্য প্রাণপণ যত্ন করিয়া থাকেন। ষ্টেশনে নামিয়া তাঁহাদের নাম করিলে অন্য কেহ টানাটানি বা জুলুম করিতে পারিবেনা।

৺হরিশ্চন্দ্র পাণ্ডার বংশধর—
শ্রীভুবনেশ্বর পাণ্ডা ও যোগীন্দ্রনাথ পাণ্ডা।

## সস্তায় রবার ষ্ট্যাম্প।

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্‌ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মত আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কার-খানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

পরীক্ষিত ঔষধাবলী
কণ্টিক
বসন্তের প্রতিষেধক।
পেপ—অজীর্ণে ও অম্লে।
বিল—হিষ্টিরিয়ার ঔষধ।
লুং—হাঁপানীর উপকারী।
হর—চুলকানি ও চর্ম্মরোগে।
মূল্য প্রতি ড্রাম।০ আনা।




### সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

### দামোদর সুধা

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। ম্যালেরিয়া প্রপীড়িত ব্যক্তি লিভার ও প্লীহা দ্বারা আক্রান্ত হইয়া ন্যাবা, শোথযুক্ত জীর্ণ শীর্ণ এমন কি অস্থি চর্ম্মসার হইয়াও এই দামোদর সুধা ব্যবহারে নিত্যই আরোগ্যলাভ করিতেছেন। মূল্য ৷৵০ প্লীহার মালিষ সমেত ১৲

ফেরোকল—যাবতীয় গণোরিয়া (মেহ, প্রমেহ) রোগের অব্যর্থ মহৌষধ। আজকাল প্রায় অধিকাংশ যুবক যুবতী এই রোগে আক্রান্ত হইয়া যৌবনে বার্দ্ধক্য প্রাপ্ত হন, এবং নানাপ্রকার যন্ত্রণায় মর্ম্মপীড়া ভোগ করেন এমন কি অনেকে জীবনে হতাশ হইয়া থাকেন। ইহা ব্যবহারে উক্ত যন্ত্রণা প্রস্রাবে জ্বালা ও পুঁজ ২।৩ দিনে আরোগ্য করে। একটী পিচকারীসহ প্রতি শিশি মূল্য ১৷০ উক্ত ঔষধ সমূহ ভিঃ, পিতে লইলে মাশুলাদি স্বতন্ত্র লাগে।

সোল প্রোঃ ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

এজেন্টস্—
এম, ভট্টাচার্য্য এণ্ড কোং
কলিকাতা

সন ১৩৪১ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে

### হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵১৫, ২০০ প্রতি ড্রাম ৶০ মাত্র।
উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয়ার্থ মজুত আছে।

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## বি, মান্না এণ্ড সন্সের

কয়েকটী আশ্চর্য্য গুণবিশিষ্ট মহৌষধ

### স্বর্ণঘটিত কিওরেটিভ-সালসা

বর্ত্তমান যাবতীয় রসায়ণের মধ্যে সর্ব্বোৎকৃষ্ট গুণবিশিষ্ট মহোপকারী সালসা। রক্তপরিষ্কারক, বল, শক্তি ও ক্ষুধাবৃদ্ধি-কারক, পারদ ও উপদংশ-বিষনাশক, স্নায়বিক দৌর্ব্বল্যে, নষ্ট স্বাস্থ্যে, শুক্রতারল্য ও ধাতুদৌর্ব্বল্য রোগে, এবং যাবতীয় স্ত্রীরোগে ও বহু পুরাতন ও জটিল রোগ সমূহের একমাত্র মহোপকারী। কোন বাঁধা ধরা নিয়ম নাই; সকল ঋতুতে সেবন করা যায়। মূল্য দেড় টাকা; মাশুলাদি সমেত ২।৵০

### ইলেক্ট্রো 'গোল্ড'-কিওর

জীবনীশক্তিবর্দ্ধক ও নষ্ট স্বাস্থ্য পুনরোদ্ধারক—হতাশ জীবনের একমাত্র বন্ধু। স্নায়ুর দুর্ব্বলতা, পুরুষত্বহীনতা ও শুক্রক্ষীন প্রভৃতি রোগের অব্যর্থ বলকারক ঔষধ। অপরিমিত শক্তি, বল উৎপন্ন করিতে অদ্বিতীয়। ছাত্রদিগের স্মৃতিশক্তি, মেধা ও বুদ্ধিবৃত্তি তীক্ষ্ণ হয়, ক্ষুধাবৃদ্ধি, মানসিক প্রফুল্লতা ও স্নায়বিক উত্তেজনা বৃদ্ধি করে; ছাত্র ও ছাত্রীজীবনের একমাত্র পরম সুহৃদ। মূল্য দেড় টাকা; মাশুলাদি সমেত ২।০

### গণোরা-বাম পিল (বটিকা) বা মিকশ্চার

যাবতীয় গণোরিয়া, প্রমেহ ও ধাতুপীড়া রোগের বিশেষ পরীক্ষিত আশুফলপ্রদ মহৌষধ। ২।১ মাত্রায় স্ত্রী পুরুষ উভয়েরই রোগের অসহ্য জ্বালা যন্ত্রণা লাঘব হয়। নূতন ও পুরাতন সর্ব্বপ্রকার লক্ষণযুক্ত প্রমেহ ও মূত্রনালীর রোগ এবং স্ত্রীলোকদিগের শ্বেত ও রক্তপ্রদর প্রভৃতি আরোগ্য হয়। 'গণোরা-বাম' ঔষধ মিকশ্চার ও পিল দুই রকমের পাওয়া যায় উভয়েরই মূল্য প্রতি শিশি দুই টাকা, মাশুলাদি সহ ২৷৵০

### হাঁপানি এ্যাজমা-সিরাপ

হাঁপানি শ্বাসকাশের অব্যর্থ মহৌষধ। এক ঘণ্টায় হাঁপানি রোগী মৃত্যুসম যন্ত্রণা হইতে নবজীবন লাভ করে। সর্ব্বপ্রকার লক্ষণ ও উপসর্গ বিশিষ্ট হাঁপানি, দমা, শ্বাসরোগ এবং যাবতীয় ফুসফুস ও শ্বাসনলীর প্রদাহ, ব্রঙ্কাইটিস, হুপিংকফ, প্রভৃতি রোগ যত দিনের পুরাতন হউক না কেন নিশ্চয় আরোগ্য হয়। এরূপ অব্যর্থ আশু-ফলপ্রদ মহৌষধ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই, প্রবল টানের সময় শ্বাস প্রশ্বাসের মৃত্যুসম যন্ত্রনায় একদাগ মাত্র সেবনেই রোগ দূরীভূত হইয়া রোগী সুস্থ হয়। মূল্য দেড় টাকা মাশুলাদি সমেত ২।৵০

এজেন্টস্ :—এম. ভট্টাচার্য্য এণ্ড কোং
৫২, বনফিল্ডস লেন, কলিকাতা।

—বি, মান্না এণ্ড সন্স।—
মান্না-মেডিকেল-হল
(পোষ্টবক্স নং ১০৭৯১) ৪নং ওল্ড ওস্তাগর লেন: কলিঃ

## সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চ:—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনশুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *
লণ্ডন এজেন্সি—হাই-হল্‌বরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲

## তারা বার্লী

আমাদের বিশেষত্ব




আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুয়ায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি, পি, বসু মহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ
তারা ভিটাফুড ফ্যাক্টরী
পোঃ বাগবাজার কলিকাতা